



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



ফিজিওথেরাপি এন্ড রিহ্যাবিলিটেশন সেন্টার উদ্বোধন



২২ আগস্ট ২০২৩-মঙ্গলবার জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মেডিকেল সেন্টারের তত্ত্বাবধানে ভাষা শহিদ রফিক ভবনের নিচতলায় অনুষ্ঠানের প্রধান অতিথি উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক ফিজিওথেরাপি এন্ড রিহ্যাবিলিটেশন সেন্টার উদ্বোধন করেন।

ডেপুটি চীফ মেডিকেল অফিসার ডাঃ মিতা শবনমের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, বাংলাদেশ ফিজিওথেরাপি এসোসিয়েশনের উপদেষ্টা অধ্যাপক ডাঃ আলতাফ হোসেন সরকার এবং উক্ত সংগঠনের সভাপতি ডাঃ মোঃ আনোয়ার হোসেন।

এসময় বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক ড. মোস্তফা কামাল, শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক এ কে এম লুৎফর রহমান, প্রধান প্রকৌশলী মোঃ হেলাল উদ্দীন পাটোয়ারী সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



এছাড়াও বাংলাদেশ ফিজিওথেরাপি এসোসিয়েশনের উদ্যোগে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মেডিকেল সেন্টারে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের দিনব্যাপি চিকিৎসা দেওয়া হয়।